



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।  
<http://food.sadar.manikganj.gov.bd>



স্মারক নং- ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২২.২৩৯

তারিখ: ০৬.১১.২০২৩খ্রিঃ

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় চাল বিতরণকালে সংশ্লিষ্ট সকল ডিলারগণের আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাবলী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্যশস্য সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে খাদ্যবান্ধব কর্মসূচির চাল প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ করার নির্দেশনা পাওয়া গেছে। মানিকগঞ্জ সদর উপজেলার সকল খাদ্যবান্ধব ডিলারগণকে চাল বিতরণকালে নিম্নলিখিত নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণ করতে হবে।

#### নির্দেশনাবলীঃ

১. চালের মূল্য পরিশোধে নির্ধারিত তফসিলী ব্যাংকে চালান করার দায়িত্ব খাদ্যবান্ধব ডিলারগণের। নির্ধারিত চালান কোড এবং পরিশোধিত মূল্য সম্পর্কে শতভাগ নিশ্চিত হয়ে ব্যাংকে চালান জমা দান করবেন। চালান জমা দান সম্পর্কিত কোন জটিলতার উদ্ভব হলে তার দায়- দায়িত্ব সংশ্লিষ্ট ডিলারগণকেই বহন করতে হবে। চালান জমা দানের ক্ষেত্রে সকল ডিলারগণকে এ-চালান করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
২. চাল উত্তোলনের পূর্বেই দোকান চত্বর/বিক্রয় কেন্দ্র অবশ্যই পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৩. নির্ধারিত খাদ্য গুদাম হতে চাল উত্তোলনকালে বস্তার মোট সংখ্যা এবং ভর সম্পর্কে শতভাগ নিশ্চিত হয়ে গুদাম চত্বর পরিত্যাগ করবেন। গুদাম ত্যাগ করার পর চালের ভর কিংবা পরিমাণ সম্পর্কে যে কোন অসামঞ্জস্যর দায় বিক্রয়কারী ডিলারগণ বহন করবেন।
৪. সংশ্লিষ্ট বিক্রয়কেন্দ্রের ট্যাগ অফিসার এবং স্থানীয় জনপ্রতিনিধিদের বিক্রয় শুরুর অন্তত ০২(দুই) কর্মদিবস পূর্বে অবহিত করে ট্যাগ অফিসারের সার্বক্ষণিক উপস্থিতিতে বিক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৫. ট্যাগ অফিসার কর্তৃক মজুত চালের বস্তা শতভাগ গণনাপর্বক চাল বিক্রির অনুমতি প্রদান সাপেক্ষে দিনসহ প্রতি বিক্রয় দিবসে চাল বিতরণ শুরু করতে হবে। বিক্রয় দিবসসমূহে অত্র দপ্তরকে অবহিত না করে কোনমতেই বিক্রয়কেন্দ্র বন্ধ করা যাবে না। পরিদর্শন টিম কর্তৃক নির্ধারিত বিক্রয়দিবসের যে কোন সময় (সকাল ৯ টা থেকে বিকাল ৫.০০ টা) বিক্রয়কেন্দ্র পরিদর্শনে গিয়ে বিক্রয়কেন্দ্র বন্ধ পাওয়া গেলে সংশ্লিষ্ট ডিলার পয়েন্ট সিলগালা এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিক্রয়কেন্দ্রের জন্য নির্ধারিত দিবসসমূহ হল সোম, মঙ্গল এবং বুধবার।
৬. বিক্রয়কেন্দ্রে শতভাগ ডিজিটাল ওজন যন্ত্রের (ডিজিটাল স্কেল) ব্যবহার আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। ওজন করা ব্যতিত কোন ভোক্তাকে চাল প্রদান করা যাবে না।
৭. বিক্রয়কেন্দ্রে বিক্রয়ের সময় কোনোক্রমেই বালতি ব্যবহার করা যাবে না। বালতির মাধ্যমে চাল বিক্রয় শাস্তিযোগ্য অপরাধ।
৮. বিক্রয় শুরুর পূর্বে অবশ্যই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এবং স্থানীয় জনপ্রতিনিধিদের অবহিতকরণ পূর্বক বিক্রয় শুরু করতে হবে।
৯. চাল বিতরণে যে কোন উদ্ভূত জটিলতায় জনপ্রতিনিধিদের অবহিত করে প্রয়োজনে গ্রাম পুলিশ মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১০. ভোক্তাদের সঠিক পরিচয় নিশ্চিত হওয়ার জন্য সরবরাহকৃত মাস্টার রোলার ছবির সাথে খাদ্যবান্ধব কার্ড মিলিকরণপূর্বক চাল বিতরণ করতে হবে। ভোক্তার সঠিক পরিচয় নিশ্চিত না হয়ে কোনো ভাবেই চাল বিক্রয় করা যাবেনা।

১১. গ্রাহকগণ বিক্রয় নির্ধারিত মাসের যে কোন নির্ধারিত দিনে (০৭ থেকে ৩০) চাল গ্রহণের জন্য আসলে তাকে চাল প্রদান করতে হবে।

১২. লাইসেন্স উল্লেখিত দোকানের ঠিকানায় অবশ্যই বিক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে। ডিলারশিপ হস্তান্তরযোগ্য নয় বিধায় সংশ্লিষ্ট ডিলারকে কিংবা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর হতে অনুমোদিত প্রতিনিধিকে বিক্রয়কেন্দ্রে উপস্থিত থেকে বিক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৩. বিক্রয়কেন্দ্রের বাইরে দৃশ্যমান জায়গায় খাদ্যবান্ধব কর্মসূচির নির্ধারিত লাল ব্যানার অবশ্যই লাগাতে হবে।

**বর্তমান চক্রে একজন ভোক্তা একমাসের জন্য ৩০ কেজি চালের বিনিময় মূল্য হিসেবে ৩০ কেজি X ১৫ টাকা = ৪৫০ টাকা প্রদান করে চাল গ্রহণ করবেন।**

প্রাপক,  
জনাব  
খাদ্যবান্ধব ডিলার,  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

ইউনিয়ন পরিষদ,

(স্বাক্ষর)

মোঃ আইয়ুব রায়হান  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
ও  
সদস্য সচিব,  
উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।  
মোঃ ০১৭০-১৬৭৯৬৪৩

স্মারক নং- ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২২.২৩৬  
সদয় অবগতির জন্য ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

তারিখ: ০৬/১১/২০২৩খ্রিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, মানিকগঞ্জ-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ও প্রধান উপদেষ্টা উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর। উপদেষ্টা, উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর। সভাপতি, উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ৭। উপজেলা ভাইস চেয়ারম্যানগণ। সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ৮। উপজেলা কৃষি কর্মকর্তা, মানিকগঞ্জ সদর। সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ৯। উপজেলা সমাজসেবা কর্তৃকর্তা, মানিকগঞ্জ সদর। সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ১০। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মানিকগঞ্জ সদর। সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকগঞ্জ সদর। সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মানিকগঞ্জ সদর। সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি
- ১৩। ট্যাগ অফিসার (খাদ্যবান্ধব কর্মসূচী) সকল।
- ১৪। ইউপি চেয়ারম্যান (সকল), মানিকগঞ্জ সদর।
- ১৫। অফিস কপি/ মাস্টার কপি।

০৬.১১.২০২৩

মোঃ আইয়ুব রায়হান  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।  
মোঃ ০১৭০-১৬৭৯৬৪৩